# স্কুলের প্রথম দিনের জন্য প্রস্তুত হোন!

শিক্ষা বছরটি চমৎকারভাবে শুরু করার জন্য যা যা করতে হবে:

- ❑ **আপনার যোগাযোগের তথ্য হালনাগাদ করুন।**

  **NYC** পাবলিক স্কুলস্ এবং আপনার সন্তানের স্কুল থেকে গুরুত্বপূর্ণ সর্বসাম্প্রতিক তথ্য মিস্ করবেন না! আপনি আপনার তথ্য অনলাইনে আপনার **NYC** স্কুলস অ্যাকাউন্ট **(NYCSA)**-এ অথবা আপনার স্কুল দ্বারা প্রদত্ত জরুরি পরিস্থিতিতে যোগাযোগের ফর্ম'(ইমার্জেন্সি কন্টাক্ট ফর্ম) পূরণ করে হালনাগাদ করতে পারেন। আপনার যদি এখনও একটি **NYC** স্কুলস অ্যাকাউন্ট না থেকে থাকে, তবে কীভাবে সাইন আপ করতে হবে তা জানতে **schools.nyc.gov/NYCSA** দেখুন।

- ❑ **একটি শারীরিক পরীক্ষার জন্য একজন ডাক্তারের সাথে দেখা করুন।**

  আপনার সন্তান প্রথমবারের মত স্কুল অথবা চাইল্ডকেয়ার শুরু করছে কি? আপনার সন্তানকে একজন স্বাস্থ্য সেবা প্রদানকারী সম্পূর্ণ স্বাস্থ্য পরীক্ষা (ফিজিক্যাল এক্সাম) করে চাইল্ড অ্যান্ড অ্যাডোলেসেন্ট হেলথ্ এক্সামিনেশন ফর্মে **(CH205)** নথিভুক্ত করেছেন, তা নিশ্চিত করুন। এই ফর্মগুলো ডাউনলোডের জন্য **schools.nyc.gov/schoolhealth** -এ পাওয়া যাবে।

- ❑ **আপনার সন্তান আবশ্যক টিকাসমূহ (ইমিউনাইজেশন) গ্রহণ করেছে, তা নিশ্চিত করুন।**

  নিউ ইয়র্ক স্টেট পাবলিক হেলথ্ বা জনস্বাস্থ্য আইন অনুযায়ী, চাইল্ড কেয়ার অথবা স্কুলে ভর্তি হতে হলে শিক্ষার্থীদের সুনির্দিষ্ট টিকা দেয়া বাধ্যতামূলক। আপনি **schools.nyc.gov/immunization** -এ আবশ্যক টিকাসমূহ (ইমিউনাইজেশন) সংক্রান্ত আরো তথ্য খুঁজে পেতে পারেন। আমরা সকল নিউ ইয়র্কবাসীদের কোভিড-19 **(COVID-19)** টিকা (ভ্যাকসিন) গ্রহণে হালনাগাদ থাকতে সুপারিশ করছি। আপনার নিকটস্থ একটি ঠিকানা খুঁজে পেতে **vaccinefinder.nyc.gov** দেখুন অথবা 877- 829- 4692 নম্বরে ফোন করুন।

- ❑ **2024–25 শিক্ষা বছরের NYC স্কুল ক্যালেন্ডারটি পর্যালোচনা করুন।**

  গুরুত্বপূর্ণ তারিখসমূহ দেখতে এবং বিভিন্ন ভাষায় 2024–25 শিক্ষা বছরের মুদ্রিত সংস্করণগুলো খুঁজতে **schools.nyc.gov/calendar** দেখুন।

- ❑ **আপনার সন্তানের যাতায়াতের বিকল্পসমূহ ও যোগ্যতা সম্পর্কে খোঁজ নিন।**

  উপযুক্ততার ভিত্তিতে, আপনার সন্তানের প্রতিদিন স্কুলে যাওয়া আসায় ব্যবহারের জন্য কয়েকটি ভিন্ন ভিন্ন বিকল্প রয়েছে। আপনার সন্তান এই বছর কীভাবে স্কুলে যাবে সেবিষয়ে আপনি নিশ্চিত না হলে আরো তথ্যের জন্য **schools.nyc.gov/transportation** দেখুন। যদি আপনার সন্তানের জন্য বাস পরিষেবা নির্ধারণ করা হয়, তাহলে আপনি তার যাত্রাপথ (রুট), এবং এর পাশাপাশি বাসে ওঠা-নামার সময় আপনার **NYC** স্কুলস্ অ্যাকাউন্ট-এ দেখতে পারেন।

- ❑ **আপনার সন্তানের স্কুলের সামগ্রী প্রস্তুত করুন।**

  স্কুলের প্রথম কিছু দিনের জন্য একটি সময়সূচিসহ স্কুলের সামগ্রীর একটি সুপারিশকৃত তালিকা আপনার সন্তানের স্কুল অথবা শিক্ষক পাঠাতে পারেন। আপনার সন্তানের কাছ থেকে প্রথম দিন কী আশা করা হচ্ছে, এবং তার সমস্ত সামগ্রী ভরা হয়েছে ও সে স্কুলে যাবার জন্য প্রস্তুত তা নিশ্চিত করুন। হারিয়ে গেলে যেন আপনাকে ফেরত দেয়া যায় তা নিশ্চিত করতে আপনার সন্তানের সামগ্রীতে (যেমন জিম-এর পোশাক, পানির বোতল, পেন্সিল কেস ইত্যাদি) লেবেল করতেও আমরা সুপারিশ করি!

- ❑ **স্কুলের প্রথম দিনের আগে প্রতিদিন রাতে ঘুমাতে যাবার সময় এবং সকালের রুটিন ধার্য করুন।**

  সেপ্টেম্বরের আগে আপনার সন্তানকে একটি নিয়মিত ও স্বাস্থ্যকর ঘুমের সময়সূচিতে সামঞ্জস্য করার মাধ্যমে নতুন শিক্ষা বছরে নির্ঝঞ্ঝাট উত্তরণ নিশ্চিত করুন। এরপর, স্কুল শুরু হবার কিছু দিন আগে, আপনার পরিবারের প্রত্যাশিত সকালের রুটিন অনুশীলন করুন, এতে অন্তর্ভুক্ত প্রস্তুত হওয়া, ব্রেকফাস্ট খাওয়া, এবং আপনার সন্তানের স্কুলে ভ্রমণ।

- ❑ **রিডিংয়ের জন্য প্রস্তুত হোন।**

  একজন শিক্ষার্থী আসন্ন শিক্ষা বছরের জন্য প্রস্তুত হতে নিজেকে সাহায্য করার সেরা উপায়গুলোর একটি হচ্ছে একটি বই পড়া! বাড়িতে যেসব ছেলেমেয়ে পড়ে বা যাদের পড়ে শোনানো হয়, তারা ক্লাসরুমে শেখার জন্য অধিকতর প্রস্তুত থাকে। পরিবারদের জন্য আমাদের শিক্ষা উপকরণসমূহ অন্বেষণ করুন—এতে অন্তর্ভুক্ত মুদ্রণযোগ্য ফ্ল্যাশকার্ড, পড়ার জন্য সুপারিশকৃত একটি তালিকা (রিডিং লিস্ট), এবং আরও অনেক কিছু—এবং **NYC** পাবলিক স্কুলস্-এর শিক্ষার্থীদের জন্য **schools.nyc.gov/literacyresources**-এ লভ্য **সোরা (Sora)** অ্যাপ-এর মাধ্যমে বিনামূল্যে বিভিন্ন ই-বুক সম্পর্কে আরও জানুন।

- ❑ **আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন।**

  প্যারেন্ট কোঅর্ডিনেটরগণ আপনার স্কুল-সংক্রান্ত বহু প্রশ্ন ও উদ্বেগের জবাব দিতে পারেন। আপনার প্যারেন্ট কোঅর্ডিনেটর ও অন্যান্য স্কুল স্টাফদের যোগাযোগের তথ্য পেতে **schoolsearch.schools.nyc** -এ '**Find a School**' **(একটি স্কুল খুঁজুন)** উপকরণটি ব্যবহার করুন অথবা আপনার সন্তানের স্কুলে ফোন করুন।

- ❑ **অনুবাদ ও দোভাষী পরিষেবা সম্পর্কে আপনার প্যারেন্ট কোঅর্ডিনেটর অথবা প্রিন্সিপালকে জিজ্ঞাসা করুন।**

  আপনার স্কুল বিনা খরচে অনুবাদ ও দোভাষী পরিষেবা প্রদান করতে পারে। আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটর বা প্রিন্সিপালের কাছ থেকে আরো জানুন, অথবা আরো তথ্যের জন্য **schools.nyc.gov/hello** দেখুন। সাইন ল্যাঙ্গুয়েজে দোভাষ পরিষেবার জন্য, আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন অথবা **OSLIS@schools.nyc.gov** ঠিকানায় ইমেইল করুন।

- ❑ **আবহাওয়াজনিত অথবা জরুরি পরিস্থিতিতে স্কুলে বন্ধের কারণে দূর থেকে শিক্ষার (রিমোট লার্নিং) জন্য প্রস্তুত হোন।**

  যদি **NYC** পাবলিক স্কুলের বিল্ডিংগুলো অবশ্যই বন্ধ করতে হয়, তবে শিক্ষার্থীরা বাড়িতে দূর থেকে শিক্ষায় (রিমোট লার্নিং) অংশগ্রহণ করবে। আপনার সন্তানের জন্য ইন্টারনেট-সংযুক্ত ইলেক্ট্রনিক ডিভাইস, স্কুল সামগ্রী, এবং পড়াশোনার জন্য একটি নির্ধারিত স্থান প্রস্তুত করুন। যদি আপনার সন্তানের একটি **DOE** স্টুডেন্ট অ্যাকাউন্ট থেকে থাকে, তবে সে লগ ইন করতে পারছে এবং তার স্কুলের কাজে অনলাইন টুলগুলো ব্যবহার করার জন্য লভ্য রয়েছে তা নিশ্চিত করুন। দূর থেকে শিক্ষার (রিমোট লার্নিং) দিনগুলোর জন্য প্রস্তুত হতে সংস্থান ও তথ্যের জন্য **schools.nyc.gov/digitallearning** দেখুন।

## বৃহস্পতিবার, 5 সেপ্টেম্বর, স্কুলের প্রথম দিন আমরা আপনাদের সাথে দেখা হবার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছি!